# প্রেস বিজ্ঞপ্তি

০৩ জুলাই-২০২৪

## আধুনিক জুয়েলারি মেশিনারিজ দেখতে ব্যবসায়ীদের ঢল

# আগামীকাল শেষ হচ্ছে জুয়েলারি মেশিনারিজ প্রদর্শনী

আধুনিক জুয়েলারি মেশিনারিজ দেখতে এই খাতের ব্যবসীয়দের ঢল নেমেছে প্রথম আন্তর্জাতিক জুয়েলারি মেশিনারিজ প্রদর্শনী বাংলাদেশে (আইজেএমইবি) ২০২৪। শুক্রবার দিনভর সারাদেশের প্রায় তিন হাজার জুয়েলারি ব্যবসায়ীদের পদচারণায় মুখরিত হয় রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা (আইসিসিবি) প্রাঙ্গণ। বৃহস্পতিবার শুরু হওয়া তিন দিনব্যাপী প্রর্দশনী শেষ হবে শনিবার সন্ধ্যায়। 'গহনায় হোক প্রযুক্তির ছোঁয়া' এই প্রতিপাদ্য নিয়ে শুরু হওয়া এবারের প্রর্দশনীর লক্ষ্য- দেশে নতুন জুয়েলারি কারখানা স্থাপন ও পুরাতন কারখানাগুলোতে আধুনিক প্রযুক্তির সংযোজন এবং রপ্তানিমুখি খাত হিসেবে গড়ে তোলা।

দেশের ঐতিহ্যবাহী ও পণ্যভিত্তিক সর্ববৃহৎ বাণিজ্য সংগঠন বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন-বাজুস ও ভারতীয় প্রতিষ্ঠান কেএনসি সার্ভিসেস যৌথভাবে আয়োজিত এই প্রর্দশনী আয়োজক। প্রতিদিন বেলা ১১ টা থেকে সন্ধ্যা ৭ টা পর্যন্ত প্রর্দশনীটি ব্যবসায়ী দর্শনার্থীদের জন্য উম্মুক্ত। প্রথম আন্তর্জাতিক জুয়েলারি মেশিনারিজ প্রদর্শনী বাংলাদেশ (আইজেএমইবি) ২০২৪' এ অংশ নিয়েছে ভারত, ইতালি, তুরস্ক, সংযুক্ত আরব আমিরাত, জার্মানি, চীন ও থাইল্যান্ডসহ বিশ্বের প্রায় ১০ দেশের প্রায় ৩০টি প্রতিষ্ঠান।

আইজেএমইবি'র দ্বিতীয় দিন শুক্রবার সকালে আইসিসিবির পুষ্পগুচ্ছ হলে বেলা ১১টায় প্রদর্শনীর দ্বার উন্মুক্ত হতে না হতেই জুয়েলারি শিল্পের সঙ্গে জড়িতরা ভিড় জমিয়েছেন। জুয়েলারি শিল্পের মেশিনারিজ সম্পর্কে জানতে স্টলগুলোতে ভিড় করছেন জুয়েলারি ব্যবসায়ী ও উদ্যোক্তারা। প্রদর্শনীতে অংশ নেওয়া দেশি ও বিদেশি বিভিন্ন কোম্পানিও ব্যাপক আগ্রহ নিয়ে দর্শনার্থীদের তাদের তৈরি আধুনিক জুয়েলারি মেশিনারিজ দেখাচ্ছে এবং সেগুলো সম্পর্কে জানাচ্ছে। বর্তমানে আধুনিক যুগে প্রায় প্রতিটি খাতেই প্রযুক্তির ছোঁয়া লেগেছে। আধুনিক মেশিনারিজ দিয়ে সোনার অলংকার তৈরি করলে এই ক্ষয় অনেকটাই হ্রাস পায়। বাঁচে সময়ও। তাই জুয়েলারি ব্যবসায়ী ও কারিগরদের আধুনিক মেশিনারিজের সঙ্গে পরিচয় করিয়ে দিতে আয়োজন করা হয়েছে আন্তর্জাতিক এই প্রদর্শনীর। যেখানে দেশ-বিদেশের বিভিন্ন প্রতিষ্ঠান এক ছাদের নিচে তাদের তৈরি মেশিনারিজ প্রদর্শন করে সেগুলোর উপকারিতা সম্পর্কে জুয়েলারি শিল্প সংশ্লিষ্টরা জানছেন।

বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন-বাজুস ও কেএনসি সার্ভিসেস যৌথভাবে আয়োজিত প্রথম আন্তর্জাতিক জুয়েলারি মেশিনারিজ প্রদর্শনী বাংলাদেশ (আইজেএমইবি) ২০২৪'এ এবার অংশ নিচ্ছে বিশ্বের প্রায় ১০ দেশের প্রায় ৩০টি প্রতিষ্ঠান। এরমধ্যে অংশ নিচ্ছে ভারতের ৮ টি প্রতিষ্ঠান-তিশ্য সিএনসি ইঞ্জিনিয়ারিং

ওয়ার্কস, নিও ইন্সট্রুমেন্ট, মাইক্রো ম্যাক ইন্ডাস্ট্রিজ প্রাইভেট লিমিটেড, অনন্ত জুয়েলস এন্ড টেকনোলজি, সোলাংকি মেশিনারিজ ওয়ার্কস, ইরা কর্পোরেশন, কোয়ান্টাম ইকুইপমেন্ট ও অ্যাকজেট সলিউশন, প্যাসিও ট্রেডার্স প্রাইভেট লিমিটেড । ইতালির ২টি প্রতিষ্ঠান জেটিই ও ফাষ্টি, তুরস্কের ২টি প্রতিষ্ঠান ওটেক ও গুভেনিস, জার্মানির ফিশার, চীনের ডু ইট ইন্ডাস্ট্রিজ প্রাইভেট লিমিটেড, থাইল্যান্ডের বেসিক জুয়েলারি কোম্পানি লিমিটেড, বাংলাদেশ থেকে অংশ নিচ্ছে ৫টি প্রতিষ্ঠান ড্রিমজ ইন্সট্রুমেন্ট টেকনোলজী, রাজঐশ্বরী, এক্সপার্ট ইন্সট্রুমেন্ট, ট্রাস্ট ইন্সট্রুমেন্ট বাংলাদেশ ও র‍্যার্টস বিডি ।

Amit

**রাশেদ রহমান অমিত**
মিডিয়া এন্ড কমিউনিকেশন স্পেশালিস্ট
মোবাইল: ০১৭৭৪৪৩১৩৮